

ককবরক শিক্ষা

নির্মলেন্দু আচার্য

এম.এ. (ট্রিপল), এম.ফিল., বি. এড, সি. সি. কে.

বিষয় শিক্ষক, জি. বি. এইচ. এস. স্কুল

[ভাষা শিক্ষা ককবরক, তিনমাসে ককবরক শিক্ষা,
ককবরক সংবাদ শব্দাবলী প্রভৃতি গ্রন্থ প্রণেতা]

হাবেলি

নয়ানিয়ামুড়া, আগরতলা, ত্রিপুরা পশ্চিম।

KOKBOROK SHIKSHA

(KOK-BOROK LEARNING)

By : Nirmalendu Acharya

1st Edition : March, 2008
2nd Edition : Febroary 2013

Published By : **HABELY**
BAPI DEBNATH
Noaniamura, Pachim Noabadi.
Agartala, Tripura (w)
M - 9436468402

Designe & Font Setting : Bapi Debnath
Photo Magix
Noaniamura, Pachim Noabadi
Agartala, Tripura (w).
M - 8414884904

Printed by : **NEW PRESINA**
Noaniamura, Pachim Noabadi
Agartala, Tripura (w).
M - 9436468402

ISBN-81-89044-10-9

Price : Rs. 111.00 Only.

ভূমিকা

'ককবরক' ত্রিপুরার উপজাতিদের ভাষা। ত্রিপুরার উপজাতিদের অধিকাংশই ককবরক ভাষী। তাই অককবরক ভাষীদের অনেকেই ককবরক শিখতে আগ্রহী। আগ্রহ থাকা সত্ত্বেও ধ্বনিগত পরিবর্তনের কারণে প্রায় সমূচ্চারিত শব্দের অর্থগত পরিবর্তন হওয়ায় অনেকেই ককবরকের নাম শুনলে ভয়ে আঁতকে ওঠেন।

ককবরক খুবই সহজ ভাষা এবং অল্প আয়াসেই তা আয়ত্ব করা যায়। **'ককবরক শিক্ষা'** বইখানি অতি সহজ ও সরল চলতি ভাষায় লেখা হয়েছে। কোন শিক্ষকের সাহায্য ছাড়াই যাতে ককবরক শেখা যায় তার জন্যেই এই প্রয়াস। বইখানি পড়ে ককবরক শিক্ষার্থীরা কতটা উপকার পাবেন তা বইখানি পড়লেই একমাত্র বলতে পারা যাবে। এই **'ককবরক শিক্ষা'** বইখানিতে প্রথমে বাংলা বাক্য ও সঙ্গে তার ককবরক অনুবাদ দেওয়া হয়েছে এবং পরে নীচে অনুবাদের নিয়মগুলি যুক্তিসহ বিশ্লেষণ করা হয়েছে।

যাঁরা ককবরক শিখতে আগ্রহী এই বইটি তাঁদের খুবই প্রয়োজন বলেই আশা করি। বইখানি মুদ্রিত রূপে প্রকাশ করার জন্যে যাঁরা সহযোগিতা করেছেন তাঁদের প্রতি রইল আমার কৃতজ্ঞতা। পরিশেষে কৃতজ্ঞতা জানাই প্রকাশককে যাঁর সহায়তা ছাড়া বইখানি মুদ্রিত রূপে প্রকাশ পেত না।

বিনীত
নির্মলেন্দু আচার্য

প্রকাশকের কথা

রাজ্যের সরকারি ভাষা এখন ককবরক, বিশ্ববিদ্যালয় পর্যন্ত পড়ানো হয়। ককবরক ভাষা শিখতে অনেকেই আগ্রহি। আমরা ককবরক শিক্ষার্থীদের প্রতি লক্ষ্য রেখে এইবার ককবরক শিক্ষা বইটি পরিবর্ধিত করে প্রকাশ করছি। প্রথম সংস্করণের মত এই সংস্করণও শিক্ষার্থীদের কাজে আসবে। পাঠকদের কাছে সমাদৃত হবে বলে আশা রাখছি।

উৎসর্গ

পিতা ঁনিরঞ্জন আচার্যের
প্রতি শ্রদ্ধার্ঘ

সূচীপত্র

প্রথম অধ্যায়
ককবরক বর্ণমালা ও উচ্চারণ পদ্ধতি

অ) ককবরক স্বরবর্ণ (vowels)

অ	আ	ই
উ	এ	অৗ

জ্ঞাতব্য ঃ ১) ককবরকে স্বরবর্ণের সংখ্যা ছয়টি ।
২) অৗ-এর উচ্চারণ অনেকটা 'উ' এবং ও-এর মাঝামাঝি।

আ) ককবরক ব্যঞ্জণ বর্ণ (Consonant)

ক	খ	গ	ঙ
চ	ছ	জ	
ত	থ	দ	ন
প	ফ	ব	ম
য়	র	ল	উৗ
স	হ	ং	

জ্ঞাতব্য ঃ

১) ককবরকে ব্যঞ্জণ বর্ণের সংখ্যা চন্দ্রবিন্দু (ँ) সহ তেইশটি।

২) উৗ-এর উচ্চারণ ইংরেজী WA (ওয়া)-এর মতো।

ই) স্বরবর্ণ ছয়টির প্রাথমিক চিহ্ন

অ-এর	চিহ্ন	অ-কার	(')
আ-এর	"	আ-কার	(া)
ই-এর	"	ই-কার	(ি)
উ-এর	"	উ-কার	(ু)
এ-এর	"	এ-কার	(ে)
অৗ-এর	"	অৗ-কার	(ৗ)

জ্ঞাতব্য ঃ

১) দন্ত-স-এর উচ্চারণ 'ছ' বা ইংরেজী 'এস' এর মতো।

২) য়-এর উচ্চারণ শব্দাংশের প্রথমে হলে 'ইয়'-এর মতো এবং শব্দাংশে শেষে হলে 'ই'-এর মতো হয়।

অনুশীলনী

১। (ক) ককবরকে স্বরবর্ণের সংখ্যা কত ?
(খ) ককবরক স্বরবর্ণের প্রাথমিক চিহ্নগুলো লেখ।

২। (ক) ককবরকে দন্ত-স এর উচ্চারণ কিরূপ ?
(খ) ককবরকে 'য়'-এর উচ্চারণ পদ্ধতি কিরূপ ?

দ্বিতীয় অধ্যায়
বিরাম চিহ্ন - ককলেনামারি

অন্যান্য ভাষার ন্যায় ককবরক ভাষায়ও বাক্যের কোথায় কতটুকু থামতে হবে তা বুঝার জন্য বিভিন্ন বিরাম চিহ্নের ব্যবহার লক্ষ্য করা যায়। ককবরকে বিরাম চিহ্নকে বলা হয় **ককলেনামারি**।

ককবরক ভাষায় প্রধানতঃ নিম্নলিখিত বিরাম চিহ্ন-গুলি ব্যবহৃত হয়। যথা-

(১) পূর্ণচ্ছেদ বা দাঁড়ি (।) - থাকমারি

(২)পাদচ্ছেদ (,) - থাকচ'মারি

(৩) কোলন (;) - কোলন

(৪) রেখা চিহ্ন (—) - ড্যাস

(৫) কোলন ড্যাস (ঃ—) - কোলন ড্যাস

(৬) জিজ্ঞাসা চিহ্ন (?) - সৗংমারি

(৭) বিস্ময় চিহ্ন (!) - কৗমাঙমারি

(৮) উদ্ধৃতি চিহ্ন (" ") - খুরচামারি

(৯) সংযোজক চিহ্ন (-) - মানজুমারি

(১০) তারকা চিহ্ন(*) - আথুকিরিমারি

এখন উপরের বিরামচিহ্ন-গুলির ব্যবহারের নিয়ম সর্ম্পকে নিম্নে আলোচনা করা হয়েছে।

(১) থাকমারি (।) ঃ একটি বাক্য যখন শেষ হয় সেখানে একটি থাকমারি বা দাঁড়ি বসে। যেমন - কসমতি আসলে আমি যাব (কসমতি ফায়খে আঙ থাংনাই)।

(২) থাকচ'মারি (,) ঃ সাধারণতঃ কোন বাক্য পড়ার সময় সেখানে খুব কম সময় বিরামের প্রয়োজন সেখানে থাকচ'মারি বা পাদচ্ছেদ বা কমা বসে। যেমন ঃ- অমিয়, তুমি আর আমি ভাত খাব (অমিয়, নৗঙ তাই আঙ মায় চানাই)।

দ্বিতীয়ত ঃ বিশেষ্য, বিশেষণ, সর্বনাম এমনকি অব্যয় ও ক্রিয়াপদেও একাধিক পদের পর পাদচ্ছেদ প্রয়োগ করা প্রয়োজন। যেমন - করমতি এসেছে, সঙ্গে এসেছে

কসমতি (করমতি ফায়কা, লগি ফায়কা কসমতি)।

তৃতীয়ত ঃ সম্বোধন পদের পরে থাকচ'মারি বসে থাকে। যেমন - ভাই, এইদিকে এসো — তাখুক, য়াং ফাইদি ।

চতুর্থত ঃ নামের সঙ্গে ডিগ্রী বা শিক্ষাগত যোগ্যতা লিখতে হলে নামের পরে ও প্রতিটি ডিগ্রীর পরে থাকচ'মারি বসে। যেমন - করমতি রিয়াং, এম.এ., এল.এল.বি — করমতি রিয়াং, এম.এ., এল. এল.বি.।

(৩) কোলন (ঃ) ঃ কোন বিষয় সম্পর্কে দ্রষ্টব্য বা জ্ঞাতব্য ইত্যাদি বুঝাবার জন্য ব্যবহৃত শব্দের পরে কোলন বসে। যেমন - পশু ঃ গরু, মহিষ, হাতি, ছাগল ইত্যাদি — মালমাতারগ ঃ মুসুক, মিসিপ, মায়ুঙ, পুন আবতৗইরগ।

(৪) ড্যাস (—) ঃ একটি বাক্যের সঙ্গে অপর বাক্যের সম্পর্ক রয়েছে বুঝাবার জন্য প্রথম বাক্যের পরে ড্যাস বসে । যেমন, আমি ভাত খাই—আঙ মায় চাঅ।

(৫) কোলন ড্যাস (ঃ—) ঃবাক্যে পরবর্তী কোন কিছুর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলে এই কোলন ড্যাস বসে থাকে। যেমন - নিচের বাক্যগুলিকে বাংলায় অনুবাদ কর ঃ— তলানি ককবৗতাংরগন কক উানজুই বায় সৗয়দি ঃ-।

(৬) সৗংমারি (?) ঃ এটি প্রশ্নসূচক চিহ্ন। প্রশ্নসবচক বাক্যের শেষে এই সৗংমারি বা প্রশ্নসূচক চিহ্নটি বসে। যেমন ঃ আপনি কি করেন — নৗঙ তৗমা খৗলায় ?।

(৭) কৗমাঙমারি (!) ঃ আনন্দ, দুঃখ, ঘৃণা, লজ্জা, ভয়, বিষ্ময় ইত্যাদি কোন শব্দ বা শব্দসমষ্টি দ্বারা প্রকাশ করলে তার পরে কৗমাঙমারি বা বিষ্ময়সূচক চিহ্ন বসে । যেমন ঃ উঃ! ভীষণ ব্যথা পেয়েছি — আয়া! বেলাই দুখু মানখা।

(৮) খুরচামারি (" ") ঃ অপরের বক্তব্যকে হুবহু উল্লেখ করতে হলে বক্তব্যটিকে উভয় দিকে খুরচামারি বা উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করতে হয়। যেমন ঃ নকসিরায় বলল, "তুমি কি কর ?" — নকসিরায় সাখা, "নৗঙ তৗমা খৗলায় ?"।

(৯) হাইফেন (-) ঃ দুই বা ততোধিক পদকে একসঙ্গে যুক্ত করবার জন্য মানজুমারি বা হাইফেন ব্যবহার করা হয়। যেমন - টাকা-কড়ি — রাঙ-পুইসা।

(১০) আথুকিরিমারি (*) ঃ কোন নির্দিষ্ট বাক্য বা শব্দকে বিশেষ ভাবে প্রদর্শন বা দৃষ্টি আকর্ষণ করবার জন্য আথুকিরিমারি বা তারকা চিহ্ন ব্যবহার করা হয় । যেমন - ত্রিপুরায় রয়েল বেঙ্গল বাঘ নেই — ত্রিপুরা হাঅ রয়েল বেঙ্গল মৗসা কৗরৗই।

তৃতীয় অধ্যায়
বিশেষ্য ও সর্বনামের প্রয়োগ

১. আমি কমল — আঙ কমল।
২. তুমি কৃষ্ণকান্ত — নৗঙ কৃষ্ণকান্ত ।
৩. সে খেলাংতি — ব খেলাংতি ।
৪. আমরা খেলা করি — চৗঙ থুংলাইঅ।
৫. তারা খায় — বরগ চালাইঅ।
৬. বিমলেরা ফুটবল খেলে — বিমলসঙ ফুটবল থুংলাইঅ।
৭. তরুবালা খবর পড়ে — তরুবালা খবর পরিঅ ।
৮. এখানে এসো — অর' ফায়দি।
৯. সেখানে যাও —আর' থাংদি।
১০. আপনি তার ভাই — নৗঙ বিনি তাখুক।
১১. এটা তোর কলম — ম নিনি কলম।
১২. তিনি তার মাসী — ব বিনি তই।
১৩. এটা বিমলের বাড়ী — উম' বিমলনি নক।
১৪. তার নাম রৗঙমারি — বিনি মুঙ রৗঙমারি।
১৫. আমি অসীম নই -- আঙ অসীময়া।
১৬. এটি আমার বই নয় -- ম আনি বিজাপয়া।

জ্ঞাতব্য ঃ

১) 'অ' সাধারণ বর্তমান কালের চিহ্ন। এটি মূল ক্রিয়ার সঙ্গে যুক্ত হয় (৭নং দ্রষ্টব্য)।

২) 'লাই' ধাতু প্রত্যয়। পরস্পর মিলে কোন কাজ করা বুঝালে এটি মূল ক্রিয়ার সঙ্গে এবং কালের চিহ্নের আগে বসে (৫নং দ্রষ্টব্য)

৩) 'দি'- অনুজ্ঞাসূচক চিহ্ন। এটি আদেশ, নির্দেশ, অনুরোধ, ইত্যাদি প্রকাশ করতে ক্রিয়ার সঙ্গে যুক্ত হয় (৮ ও ৯নং দ্রষ্টব্য)।

৪) ককবরক বাক্যে প্রথমে কর্তা, তারপর কর্ম ও সবশেষে ক্রিয়া বসে।

এটিকে সূত্রাকারে লেখা যায় ঃ

কর্তা + কর্ম + ... + সমাপিকা ক্রিয়া।

৫) 'য়া' না সূচক চিহ্ন । বিশেষ্য,বিশেষণ, সর্বনাম ও ক্রিয়ার সঙ্গে এটি যুক্ত হয় (১৫ ও ১৬নং দ্রষ্টব্য)।

অনুশীলনী

১। ককবরকে অনুবাদ করুন ঃ

ক) আমি কমলেশ। খ) তিনি চন্দ্রকান্ত মুড়াসিং। গ) সে নগেন্দ্র ।
ঘ) আমি খাই । ঙ) আমি ভাত খাই। চ) তিনি বিদ্যালয়ে যান।
ছ) আমরা ফুটবল খেলি। জ) তোমরা পড়াশুনা করো। ঝ) তারা খেলাধূলা করে । ঞ) আমি সবিতা নই। ট) সে ভাত খায় না।

২। বাংলায় অনুবাদ করুন ঃ

ক) আঙ মায় চাঅ। খ) নীঙ বল থুংগ। গ) বরগ মায় চালাইঅ ।
ঘ) আঙ বরক। ঙ) নীঙ পরিঅ। চ) চীঙ ফুতবল থুংলাইঅ ।
ছ) নীরগ অর' আচুগদি। জ) বরগ নায়লাইঅ। ঝ) চীঙ মায় বরলাইঅ
ঞ) য়াং ফায়দি। ট) নীঙ তাবুক থাংদি। ঠ) ব তাবুক পরিঅ ।
ণ) আঙ বিজাপ পরিয়া। ত) আম আনি বলয়া।

অনুবাদ সহায়ক শব্দাবলী ঃ

ভাত/ধান —মায়	তুমি/আপনি — নীঙ
মানুষ —বরক	আমরা — চীঙ
তারা — বরগ	সেখানে — আর'/উর'
ঘর/বাড়ী — নক	তোমরা/আপনারা — নরগ/নীরগ
এদিকে — য়াং	তারা /উনারা — বরগ
এখন — তাবুক	এটি — ম/অম'/অব'
আমি — আঙ	ওটি — উম'/আম'/আব'
সে/তিনি/ইনি — ব	মাসী — তই/মই
এখানে— অর'/ইর'	ফুটবল — ফুতবল

চতুর্থ অধ্যায়
বিশেষণ ও অব্যয়ের প্রয়োগ

১। এটি খানিকটা বেঁটে —অম' কিসা বারা।
২। একটি ভাল ফল কিনুন — বীথাই কাহাম থাইসা পায়দি।
৩। আমার একটি নতুন বই আছে — আনি বিজাপ কীতাল কাঙসা তঙগ।
৪। এটি ভাল আম — ম' থাইচুক কাহাম।
৫। তুমি ভাল ছেলে — নীঙ চীলা কাহাম।
৬। তার দু'জন বন্ধু ছিল — বিনি য়ার খরগনীয় তঙমানি।
৭। উপরে ওঠো না — সাকাঅ তা কাসাদি।
৮। টেবিলের নীচে একটি বিড়াল আছে — টেবিল তলাঅ আমিঙ মাসা তঙগ।
৯। সে পারবে না --- ব মানগ্লাক ।
১০। এর জন্য চিন্তা করো না — বনি বাগাই তা উনাদি।
১১। ঘরের ভেতর দাঁড়িয়ে থেকো — নক বিসিং বাচাই তঙদি।
১২। কসমতি বা তুমি যাও — কসমতি এবা নীঙ থাংদি।
১৩। স্কুলে যাও নতুবা কাজ কর — স্কুল' থাংদি য়াখে সামুঙ তাঙদি।
১৪। রূপার চেয়ে সোনা দামী — রুফাইনি সীলাই রাঙচাক মরক।
১৫। অশোকের চেয়ে অমিত লম্বা — অশোকনি সাই অমিত কলক।
১৬। এখন পর্যন্ত সে-ই ভাল — তাবুক জরা ব-ন কাহাম।

জ্ঞাতব্য ঃ

১) ককবরকে বিশেষণ সব সময় যার বিশেষণ তার পরে বসে (৪ ও ৫ নং দ্রষ্টব্য)।

২) ককবরকে বিশেষ্যের সংখ্যাবাচক শব্দের শ্রেণী বিভাজকটি সংখ্যাবাচক শব্দের আগে যুক্ত হয়। শ্রেণী বিভাজকটি নির্ভর করে বিশেষ্যটি কি, বা কি জাতীয়, বা এর আকৃতির উপর।

৩) ককবরকে - 'ন' জোর সূচক চিহ্ন। যার উপর জোর দিয়ে কিছু বলা হয় তার পরে যুক্ত হয় (১৬ নং দ্রষ্টব্য)।

৪) নিষেধার্থক বাক্যে ক্রিয়াপদের আগে 'তা' যুক্ত হয় (৭ ও ১০নং দ্রষ্টব্য)।

ঙ) 'য়াক' ভবিষ্যৎ কালে না সূচক ক্রিয়ার প্রত্যয় (৯নং দ্রষ্টব্য)।

অনুশীলনী

১। ককবরকে অনুবাদ করুন ঃ

ক) একটি ছোট চোখ । খ) একটি নতুন বই। গ) তুমি একজন ভাল ছেলে। ঘ) আমার একটি সাদা কুকুর আছে। ঙ) তোমার একটি কলম আছে। চ) রামের চেয়ে শ্যাম বড়। ছ) এখন পর্যন্ত সে-ই প্রথম। জ) আমার চিন্তা করো না। ঝ) তোমার মত মানুষ আমি আর দেখি নি। ঞ) এটি হবে না। ট) আমার সাথে এসো। ঠ) রাত আটটা নাগাদ এসো। ড) আমার পাশে বসো। ঢ) কলম দিয়ে লেখো। ন) টাকাগুলি তার মারফত পাঠিয়েছি। ত) তুমি আমার পাশে বসো। থ) এটি ছাড়া হবে না। দ) সে আজ অবধি আসেনি। ধ) তোমরা আগে এসো। ণ) তারা আবার এসেছে।

২। বাংলায় অনুবাদ করুন ঃ

ক) বিনি কামচালাঁই কুকুর। খ) আনি কামচালাঁই কাঁচাক। গ) ব আনি সৗলাই বারা। ঘ) নৗঙতাঁই বরক আঙ তেই নুগয়াখু। ঙ) বিনি সৗলাই অমল কাহাম। চ) কাহামন' জতত-ন হামজাগী। ছ) ব য়াসা অ সামুঙ আঁংগ্লাক । জ) মনি সৗকাঙ আঃ নন' সাখা। ঝ) বিনি গানা তা তঙদি। ঞ) বিসুনি য়াকতাঁই রাঁহরখা। ট) ব ফাতার থাংকা। ঠ) নাঁঙ ফাতার' বাচাদি। ড) রাঁঙমারি তেইসা আমজকমুঙগ আচুকখা। ঢ) এ রাদ'! নাঁঙ অম' তাম খাঁলায়খা। ণ) ম হাই বিজাপ কাঙসা রাঁদি।

অনুবাদ সহায়ক শব্দাবলী ঃ

অপেক্ষা/ চেয়ে/তুলনায় — সৗলাই
জন্য/তরে/নিমিত্ত/দরুন/বাবত— বাগাঁই
মতো/মতন/ন্যায় — কাহায়/হায়/তাঁই
সঙ্গে /সহিত/সাথে — লগিঅ
মারফত/মাধ্যমে — য়াকতাঁই
পাশে/নিকটে — গানা/সামপা'
ভিতরে/মধ্যে/মাঝে — বিসিংগ
ব্যতীত/ছাড়া/বই/বিনা — য়াসা
আর/এবং/ও — তেই/তাই/বায়
না হয়/নয়তো/যদি না — য়াখে
তথাপিও /বটে — তব'ফানী
কেননা/কারণ — তাঙগাঁই হিনবা
তথাপিও — হায়ফানী,
কিন্তু/পরন্তু/তবু/বটে — ফিয়া
পুনরায়/পুনশ্চ— তাইসা/তেইসা

পারে/পাছে— উকলগ
অবধি/পর্যন্ত/তক— জরা
নীচে — তলাঅ
অগ্রে/আগে — সৗকাঙগ
বাইরে — ফাতার'
নাগাদ — রগ'
নইলে/নতুবা — আঁংয়াখে
তবে/তাহলে — হিনখে
ওহে/এই যে — অঃ
আচ্ছা — আউ/দউ
ছি-ছি (!) — চিস (!)
ধেৎ/ছাই/দুর — তু'র
ওঃ/ইশ (!) — আয়া (!)
তথাপি/অথচ — ফিয়াবা
যদি—তাঁমাং

বাঃ/বেশ/খুব/সাবাস/চমৎকার— অ রাঙচাক কেবল/শুধু — সিমি
রামরাম/ছাই/কী আপদ/কী মুশকিল — এ রাদ'
ওঃ বাবা/ বাপরে বাপ/ওমা/মাগো বাবাগো/গেলামগো — অ মায়ু

পঞ্চম অধ্যায়

ক্রিয়াপদের প্রয়োগ

১। বাবাই বই পড়ে — বাবাই বিজাপ পরিঅ।
২। তুমি বল খেল — নীঙ বল থুংগ।
৩। সে আম পাড়ে — ব থাইচুক খাগ'।
৪। উাখিরায় আমাদের ককবরক শিখান — উাখিরায় চীঙন ককবরক ফারীঙগ।
৫। তিনি আমাকে পাঁচ টাকা দিয়েছেন — ব আন' রাঙ খকবা রীখা।
৬। আপনি তাকে একটি কলম দেবেন — নীঙ বন' কলম কংসা রীনাই।
৭। গাভী আমাদের দুধ দেয় — মুসুকমা চীঙন দুধ রীঅ।
৮। সে আসলে আমি যাব — ব ফায়খে আঙ থাংনাই।
৯। অমিত হাসতে হাসতে পড়ে গেল — অমিত মীনীয়মাং মীনীয়মাং কীলাই থাংকা।
১০। চন্দ্রবালা হাঁটতে হাঁটতে কথা বলে না — চন্দ্রবালা হিমতীতীই কক সায়া।
১১। তুমি খেলে আমিও খাব — নীঙ চাখীলায় আঙ-ব চানাই।
১২। বিমল ভাত খেয়ে পড়তে বসবে — বিমল মায় চাউই পরিনা আচুগানী।
১৩। খেলতে যাও — থুংনানি থাংদি।
১৪। এটি খাবার জিনিস — অম' চামানি মানীই।
১৫। সে গেলেও আমি যাব না — ব থাংফানী আঙ থাংগ্লাক।
১৬। কাজটি করতে করতে তার অভ্যাস হয়ে গেছে — ম সামুঙ খীলায়তে খীলায়তে বিনি লয় আীং থাংকা।

জ্ঞাতব্য ঃ

১) ককবরক বাক্যে প্রথমে কর্তা ও সবশেষে সমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয় (১ নম্বর দ্রষ্টব্য)।

২) দ্বিকর্ম ক্রিয়াযুক্ত ককবরক বাক্যে কর্তার পরে প্রথমে গৌণ (প্রাণী বাচক) কর্ম এবং পরে মুখ্য (বস্তু বাচক) কর্ম ব্যবহৃত হয় (৬ নম্বর দ্রষ্টব্য)।

৩) বাংলায় ধাতুর সঙ্গে 'ইলে' প্রত্যয়টির জন্য ককবরকে ধাতুর সঙ্গে 'খাই/খে/খীলায়' প্রত্যয়টি যুক্ত হয়। যেমন, খেলে— চাখাই (৮ ও ১১নং দ্রষ্টব্য)।

৪) বাংলায় ধাতুর সঙ্গে ইয়া' প্রত্যয়টির জন্য ককবরকে ধাতুর সঙ্গে 'আই/উই'/ই প্রত্যয়টি যুক্ত হয়। যেমন, খেয়ে— চাউই (১২নং দ্রষ্টব্য)।

৫) বাংলায় ধাতুর সঙ্গে 'ইতে' প্রত্যয়টির জন্য ককবরকে ধাতুর সঙ্গে 'না/নানি/নান' প্রত্যয়টি যুক্ত হয়। যেমন, খেতে— চানানি (১৩নং দ্রষ্টব্য)।

৬) বাংলায় ধাতুর সঙ্গে 'ইবার' প্রত্যয়টির জন্য ককবরকে ধাতুর সঙ্গে 'মানি' প্রত্যয়টি যুক্ত হয়। যেমন, খাবার জিনিস — চামানি মানীই (১৪নং দ্রষ্টব্য)।

৭) বাংলায় ধাতুর সঙ্গে 'ইলেও' প্রত্যয়টির জন্য ককবরকে ধাতুর সঙ্গে 'ফানী' প্রত্যয়টি যুক্ত হয়। যেমন, খেলে— চাফানী (১৫নং দ্রষ্টব্য)।

৮) বাংলায় ধাতুকে দুইবার ব্যবহার করে দুইবার 'ইতে' প্রত্যয়টি যুক্ত করলে ককবরকে ধাতুর সঙ্গে 'তীতীই' প্রত্যয়টি যুক্ত করতে হয়। যেমন, খেতে খেতে — চাতীতীই (১০নং দ্রষ্টব্য)।

অথবা

ককবরকে ধাতুকে দুইবার উল্লেখ করে প্রতিবারই ধাতুর সঙ্গে 'তে' প্রত্যয়টি যুক্ত করতে হয়। যেমন — খেতে খেতে — চাতে চাতে (১৬নং দ্রষ্টব্য)।

অথবা

ককবরকে ধাতুকে দু'বার উল্লেখ করে প্রতিবারই 'মাং' প্রত্যয়টি যুক্ত করতে হয়। যেমন, খেতে খেতে — চামাং চামাং (৯নং দ্রষ্টব্য)।

অনুশীলনী

১। ককবরকে অনুবাদ করুন ঃ

ক) সামপারি বই পড়ে। খ) খেলাংতি চিঠি লিখে। গ) রামবাবু আমাদের ইংরেজী শিখান। ঘ) সে আসলে আমি আসব। ঙ) রাতুল হাসতে হাসতে কথা বলে। চ) ভাত খেয়ে পড়তে বস। ছ) সে আসতে চায়। জ) তরমুজ খাবার বস্তু। ঝ) কমলা গেলেও আমি যাব না। ঞ) দেখতে দেখতে চলে যাও। ট) বলংতি যায় না। ঠ) খুমপুই ভাত খেতে চায় না। ড) সে যেতে চায় । ঢ) রাতুল বসতে চায় না।

২। বাংলায় অনুবাদ করুন ঃ

ক) ম সামুঙ খীলায়তে খীলায়তে বিনি লয় আঁং থাংকা। খ) মুঙকীরাই মায় চাঅ। গ) ব আনি' রাঙ খকবা রীখা। গ) ব চাখাই অঙ-ব চানাই। ঙ) মায় চাউই রীঙনগ' থাংদি। চ) রাকেশ থাংনা নায়ু। ছ) আব' নাঙমানি ককয়া। জ) তরু চাফানী আঙ চাগ্লাক। ঝ) সামুঙ খীলায়মাং খীলায়মাং লেংজাগখা। ঞ) বন' রুতুগমাং রুতুগমাং তাবুক লেংজাগখা। ট) খেপেংরায় মায় চানানি ফায়খা। ঠ) ব ফায়খাই আঙ ফায়গ্লাক। ড) কুসুমাই পরিউই ফায়নাই। ঢ) মাতিয়া রাঙমাং সানী। ণ) খেলাংতি থীয়তীই থীয়তীই আঁংখা।

অনুবাদ সহায়ক শব্দাবলী ঃ

চিঠি — তাঁইতুন
কথা — কক
তরমুজ — মমফল
কাজ — সামুঙ
টাকা — রাঙ
প্রয়োজনীয় — নাঙমানি।

ষষ্ঠ অধ্যায়

বহুল প্রচলিত ক্রিয়ার তালিকা

অ

অঙ্কন করা — আকি
অনুশীলন করা -- আমজক
অভিমান করা -- কই
অর্ন্তভুক্ত করা -- খব
অনুসন্ধান করা -- নাইতুক/বুতুক
অপেক্ষা করা -- নায়সিং
অভ্যর্থনা করা -- লামসক
অনুরোধ করা -- কয়
অতিবাহিত করা (সময়, দিন ইত্যাদি)-- কাতক/ লাই রী
অভিশাপ দেওয়া -- সীরায়
অগ্রসর হওয়া — আগক
অবহেলা করা -- এলেগানা খায়
অভিযোগ করা -- কক সিল
অবতরণ করা -- নঙখর /অঙখর
অর্পন করা -- য়াফার
অনুষ্ঠিত হওয়া -- সঙচা
অতিক্রম করা -- লাই
অব্যাহতির চেষ্টা -- দুনদুবুক
অত্যাচার করা -- সাতক

আ

আনা-- তুব
আসন করা-- য়াসুম পার
আলোড়িত হওয়া -- নিনাং
আগ্রহান্বিত করা -- খা সীরাং রী
আটকে যাওয়া-- কীচা
আলোচনা করা -- কক সালাই
আটকে পড়া-- কীচাজাক
আশা করা-- খা খীলায়
আদেশ দেওয়া -- থল
আরম্ভ করা-- চেং
আরোহণ করা-- কাসা
আদর করা -- লব
আশ্চর্য হওয়া -- মীলাং চা
আঘাত করা -- তক/সীপ্রাক
আচড়ানো (চুল) -- খাল
আটকানো-- কাসু
আলস্য করা-- সেলে
আড়াল করা-- কতন
আসা-- ফায়
আনন্দলাভ করা-- তঙথকজাক
আবদ্ধ করা-- কাসু
আহ্বান করা-- কবক

আরাম করা-- লেংলা

ঈ

ঈর্ষা করা-- নাম্রে/কেনা

ঈপ্সা -- মাননা মুচুঙ

উ

উপার্জন করা-- আজি

উড়ে যাওয়া-- কবন (তুলা ইত্যাদি)

উপরে ওঠা-- কাসা

উদিত হওয়া-- পাসা

উদ্যত হওয়া-- কুদি

উৎযাপন করা-- পালাই

উদ্যোগ নেওয়া-- পানজি না/ চেতন না

উল্টানো (পৃষ্ঠা)-- ফিল

উত্তর দেওয়া-- উতুর রী/ ককফিরক

উড়া-- বির

উৎসাহিত করা-- খাতুং রী

উদ্বিগ্ন হওয়া-- উনাজাক

উল্লেখ করা-- খুরচা

উপশম হওয়া-- হলি

উপড়ানো -- ফুই

ক

কাঁদা-- কাব

কিংকর্তব্য বিমূঢ় হওয়া-- কীমা

কুলকুচা করা-- চাকরুপ

কোলে নেওয়া -- বাম

কাটা (পুচিয়ে)-- রা

কুস্তি করা -- সলাই

কঠিন হওয়া-- তুক

কাতরানো-- কেঙগাই

কুচকে যাওয়া-- চেমাই/হই

কমানো-- খাই

কামড় দেওয়া-- উার

কামড়ে হত্যা করা -- উাথার

করা-- খীলায়/খায়

কাতুকুতু করা-- কেতাই

কেনা-- পায়

কেচে পরিষ্কার করা-- রগ

কাটা (কুপিয়ে)-- তান

কামনা করা -- দিয়াই

কাজ চলা-- চুক

কিরণ দেওয়া-- কিপির

ক্রুদ্ধ হওয়া-- জলি

কবর দেওয়া-- ফব

কাল হওয়া-- সম

কঠকঠ করে কামড়ানো-- উাখরু

কেটে টুকরো করা-- তানসু

ব্রাশ দেওয়া-- কুচুক

কুড়ানো-- খচা

কেড়ে নেওয়া-- ছেগ

কোকড়ানো-- গুচুরু

কেড়ে নেওয়া-- সেগপ্রা

কাজ করা -- সামুঙ তাঙ

খ

খাওয়া--চা

খনন করা-- খুর

খুলে ফেলা-- খুগ

ক্ষুদা পাওয়া-- অক খুই

খাপ খাওয়ানো --. গথক রী

খুঁজা-- রুতুক/ নাইতুক

খেলা করা-- থুং

খাপ খাওয়া -- গথক

খুলে যাওয়া-- য়ক

খুশী হওয়া-- খাফুর

খুলে দেওয়া -- ফিয়ক রী

খোঁচা দেওয়া- য়র

গ

গাওয়া-- রীচাপ

গলানো-- গলি রী

গোঁজে দেওয়া-- বর

গ্রহণ করা -- য়াচাক

গলে যাওয়া -- গলি/উনক

গরম হওয়া -- তুং

গননা করা -- লেখা/থিকি

গ্রাহ্য করা -- সাক নাঙ

গায়ে দেওয়া (সার্ট) -- চুম

গরম লাগা-- কলম

গালাগালি দেওয়া-- কুল

গ্রাস করা -- মনক

গভীর হওয়া -- থুক

গোলমাল করা -- কুতুক

গরম করা -- মীথুং

গালি খাওয়া -- হিনজাক

গন্ধ শুঁকা -- মতম সু

গাফিলতি করা -- সাক নাঙয়া আঁং

ঘ

ঘাঁটা -- এগ
ঘামা -- কলম তাঁয় অঙখর
ঘৃণা করা -- সেলেং
ঘুরা -- গুরক
ঘোষণা করা -- সাকীলাই

ঘেটে দেওয়া -- কল
ঘন হওয়া -- বুং
ঘুমানো -- থু
ঘুষ নেওয়া -- রাঙ চা
ঘুম পাড়ানো -- মীথু

চ

চাপ দেওয়া -- সিন
চুলকানো -- মতক
চুরি করা -- খক
চিৎকার করা -- চিরিক
চেষ্টা করা -- সাকথার
চওড়া হওয়া -- উার
চোখ বুজা -- মুকুম
চলা -- চলি /হিম
চালানো -- চালগ
চোষা -- কুসুপ

চেপে ধরা -- সেব
চেনা/চিনতে পারা -- সিনি
চিবানো (দাঁত দিয়ে) -- উাচেরেপ
চয়ন করা -- সীলাক
চিন্তা করা -- উানসুক
চাওয়া -- সান/নায়
চুমু খাওয়া -- মতম সু
চেঁচে ফেলা -- সিল
চাপানো -- চাপগ
চড়া -- কা

ছ

ছাল উঠা -- কুগ
ছাড়িয়ে নেওয়া -- সেপ্লে
ছুঁড়ে ফেলা -- খিতার
ছিন্ন হওয়া -- চ
ছিদ্র করা -- ফুগ
ছিড়ে ফেলা -- চির

ছোবল মারা -- সীগ
ছেঁটে দেওয়া -- সীতাপ
ছড়িয়ে দেওয়া (কাপড়)-- ফেহেল
ছেড়ে দেওয়া -- য়াকার রী
ছিন্ন করা -- সকক
ছিটিয়ে দেওয়া -- সার

জ

জানা -- সি/রীঙ
জাগানো -- সচা
জায়গা হওয়া -- চাক
জড়ানো -- কুবুল
জিজ্ঞাসা করা -- সীং
জালানো (প্রদীপ) -- মীচীং
জন্ম হওয়া -- আচাই

জাগা -- সিচা
জমানো -- থুম
জরিয়ে ধরা -- কীবাক
জন্ম গ্রহণ করা -- আচাই
জানানো -- সাই মান রী
জয়লাভ করা -- পাই/জিতি
জ্বলা -- চীং

ঝ

ঝাল হওয়া -- য়ক
ঝাড় দেওয়া -- ফার
ঝাপিয়ে ধরা -- চপ্রপ

ঝুলিয়ে রাখা -- খাচি
ঝগড়া করা -- উালাই
ঝরে পড়া -- কীরাই

ট

টানানো -- সীঙ
টক হওয়া -- খীয়
টিকসই হওয়া -- চর

টিকে থাকা -- তিকি
টানা -- সতন
টিপ দেওয়া -- সিন

ঠ

ঠান্ডা করা -- চাং রী
ঠান্ডা হওয়া -- কীচাং
ঠিক হওয়া -- চা

ঠিক করা -- চং
ঠান্ডা লাগা -- কীচাং
ঠেলা দেওয়া -- দাগার

ড

ডাকা -- রিঙ/নুং
ডেকে পাঠানো -- রিঙহর
ডুবে যাওয়া -- কীলীক
ডুবানো -- সিনকীলীক

ঢ

ঢেউ খেলা -- পুপাক
ঢোকানো -- দা
ঢাকা -- খলপ/থুব
ঢালা (তরল পদার্থ) -- লু
ঢেঁকুর দেওয়া -- দেগেরে
ঢুকতে দেওয়া -- হাব রী

ত

ত্যাগ করা -- য়াকার
তোলা - তিসা
তাকানো (দুর থেকে) -- নাহার
তালি দিয়ে জোরা লাগানো -- থাব
তৈরী করা -- সীনাম
তৃষ্ণার্ত হওয়া -- তীয় কাংজাক
তাড়াতাড়ি করা -- দ
তেষ্টা পাওয়া -- কাংজাক
তাকানো (বিশেষ ভাবে)-- নায়সিক
তাড়িয়ে দেয়া -- রীখলাই রী
তিতো লাগা -- খীয়
তালিম দেওয়া -- তাইল রী

থ

থামা -- থাক
থামানো -- বাথাক রী/ মীথাক
থুথু ফেলা -- খুকতীয় মুসু
থাকা -- তঙ

দ

দেখা -- নায়
দাঁড়ানো -- বাচা
দূরীভূত করা -- সকমর রী
দেখ -- নুক
দেরী হওয়া -- লের
দেখতে পাওয়া (দূর থেকে) -- নুহুর
দেওয়া -- রী
দৌড়ানো -- খাইচিক
দমন করা -- মীথাক
দুর্বল হওয়া -- বেল
দুঃখিত হওয়া -- খা খাম
দেখানো -- ফুনুক
দীর্ঘ হওয়া -- লক
দুর্গন্ধ ছড়ানো -- মীনাম
দয়া করা -- মায়া খীলায়
দূরত্ব বেড়ে যাওয়া -- চাল
দোহন করা -- সেপ
দোষারোপ করা -- দুসি/ বের

ধ

ধরা -- রম
ধাওয়া করা -- রিফ্রিক
ধোয়া -- সু
ধারালো হওয়া -- বুক
ধাক্কা দেওয়া -- দাগার
ধর্ণা দেওয়া -- গেরেপ
ধ্বস নামা -- হা কুউাক
ধরা (গাছে) -- থাই

ন

নিন্দা করা -- সেজা/তেত্তাই
নেওয়া -- তিলাং/না
নিমন্ত্রণ করা -- ফাতাই রী
নরম হওয়া -- কীপরু
নাচা -- মীসা
নত মস্তক হওয়া -- বখ্রুক কঙ
নিক্ষেপ করা -- খিতার
নত হওয়া -- কঙ/কন
নির্বাচন করা -- চং
নির্দেশ দেওয়া -- দাগি
নির্ভর করা -- য়াখতম খীলায়
নাস্তানাবুদ করা -- খাই
নির্মূল করা -- সকমর রী
নির্যাতন করা -- সাতক
নাড়া দেওয়া -- লরি রী
নজর লাগা -- খুউা নাঙ

নড়াচড়া করা -- লরি
নাগাল পাওয়া -- মাহান
নরা -- কনর
নীচের দিকে ফেলা -- থিকীলাই
নিবারণ করা -- সকমর রী
নষ্ট হওয়া -- নস্থ জাঁং

প

পালন করা (গরু, মহিষ) -- রি
প্রত্যাহার করা -- রসাই না
পূর্ণ হওয়া -- পুঙ
পান করানো -- খান রী
পুচিয়ে পুচিয়ে কাটা -- রাসু
পচে যাওয়া -- সক
প্রদান করা -- রীহর
পুড়ে যাওয়া -- খাম
প্রকাশিত হওয়া -- অঙখর
পান করা -- নীং
প্রকাশ করা -- কারি
পাকা (ফল) -- মুন
প্রার্থনা করা -- সুরি
প্রসারিত করা -- ফুডার
প্রলেপ দেওয়া -- ফুল
পুঁতে দেওয়া (কাদায়) -- বর
প্রভাত হওয়া -- আই
পদক্ষেপন -- কাফি
পাহাড়া দেওয়া -- মীরীক
পারা -- মান
প্রবাহিত হওয়া -- য়র
প্রতিপালন (পশু, পক্ষী) -- রি
প্যাঁচানো -- বুল
পিছলে যাওয়া-- কাসেলে
পালন করা (দিবস ইত্যাদি) -- পালাই
প্রণাম করা -- খুলুম
পৌঁছে দেওয়া -- তুন
পড়ে যাওয়া (উচু থেকে) -- কীলাই
পরিশ্রান্ত হওয়া -- লেংজাক
পুড়ানো -- সক রী
প্রবেশ করা -- হাপ
পরাজিত করা -- মেচেন
পরীক্ষা করা -- আমজক নার
পানসা হওয়া -- সাই
পরাজিত হওয়া -- চেন
প্রস্রাব করা -- সীতাই
প্রচার করা -- আডাই খীলায়
প্রদর্শন করা -- ফুনুক
প্রশংসা করা -- বলাই
পেট ফাপা -- অক দু
পদ দলিত করা -- কাদুল
পরিধান করা -- কান /চুম
পাওয়া-- মান
পাড়া (গাছ থেকে) -- খাক
প্রতিযোগিতা করা -- বাতাই
পেষণ করা -- হুল
পেট কামড়ানি -- অক কিয়র
পলায়ন করা -- খার

পুরাতন হওয়া -- চাম
পৌছে দেওয়া -- তুনাই রী
প্রস্থান করা -- কুতুল
পুটলি বাধা -- চু
পূজা দেওয়া -- মীতাই রী
প্রলেপ দেওয়া -- লেপি রী

ফ

ফেরা -- ফিরক
ফাটা (স্বশব্দে) - পের/পেথাক
ফোটা (ফুল ইত্যাদি)-- বার
ফিরে আসা -- কিফিল ফায়
ফেলে দেওয়া -- খিব
ফেটে যাওয়া -- ফাতি
ফাকি দেওয়া -- ফাকি রী
ফল ধরা (গাছে) -- থাই
ফুলে যাওয়া -- রবম
ফসকে যাওয়া -- কেপ্লে

ব

বহন করা (মাথায়)-- বুজু
বহন করা (বাঁক দিয়ে - বাল
বাঁধা (দড়ি দিয়ে) -- খা
বাধা দেওয়া -- কেবেং
বিশৃঙ্খলা সৃষ্টি করা -- উরপাতি রী
বসানো -- আচুক রী/ বসক
বিচ্ছিন্ন হওয়া -- কাক
বাঁচা -- থাঙ
বেড়ানো -- বেরাই
ব্যাখ্যা করা -- সুখরুপ
বৃদ্ধি পাওয়া -- বারি/বাং
বিস্ফুরিত হওয়া -- পের
বিক্রি করা -- ফাল
বিশ্বাস করা -- পুইতু থাং
বিবাহ করা -- কাইজাক
বিলম্ব করা -- লের
বহন করা (যানে) -- রীকা
বাঁধা(আল, বাঁধ)-- থে
বন্দী করা -- চব
বেঁকে যাওয়া -- কই
বসা -- আচুক
বিচ্ছিন্ন করা -- সীকাক
বেষ্টন করা -- খন
বকুনি খাওয়া -- কুলজাক
বিষন্ন হওয়া -- মগ
ব্যথা করা -- রীউই/সা
বরাদ্ধ করা -- বগ
বিকল হওয়া - দেরা
বিছানো -- ব
বলা-- সা
বয়ন করা - উা/তাগ
বন্ধ করা (ছিদ্র, রাস্তা) -- মুথুপ

বের করা -- তিখীলাই
বাজানো (ঢাক) -- তাম
বাস করা -- তঙ
বিকশিত করা -- কিয়ক রী
বিদ্যুৎ চমকানো -- নখা ফিলিক
বৃষ্টি পড়া -- উাতীয় উা
বুঝা -- বুজি
বড় হওয়া -- তর
বিস্তার লাভ করা (মাটি বা জলের নীচে) -- এর

বের করে দেওয়া -- তিখীলাই রী
বাজা (ঘড়ি) -- তাম
বাথা হওয়া -- কিয়র
বিকশিত হওয়া -- কিয়ক/বার
বজ্রপাত -- ফেরাঙ কগ
বিশ্রাম করা -- লেলা
বমি করা -- কীবা
বড় করা -- তর রী

ভ

ভেঙ্গে যাওয়া -- বায়
ভেঙ্গে চুরমার করা -- সীবায় খুরুপ
ভাল করা -- হাম রী
ভৎর্সনা করা -- খরাই
ভাবা -- উানসুক
ভুল করা -- কর'
ভাল লাগা -- হামজাক
ভাল হওয়া -- হাম
ভর্তা করা -- দেং
ভাগ করা -- বাগ

ভেঙ্গে দেওয়া -- সীবায় রী
ভারী হাওয়া -- হিলিক
ভিজানো -- মিসি
ভিজে যাওয়া -- মিসিজাক
ভুলে যাওয়া -- পক
ভেসে যাওয়া -- কচক
ভ্যাঙচানো -- বেংগাই
ভক্ষণ করা -- চা
ভাল করা -- কাহাম খীলায়
ভাজা করা -- য়ক

ম

মূল্যায়ন করা -- আমজক নায়
মনে হওয়া -- খা কা
মন স্থির করা -- খা চং
মিতব্যয় করা -- থিক
মেঘ গর্জন করা -- নখা গুরম

মসকরা করা -- কারা থুং
মনে করা -- মুয়তু খীলায়
মোহগ্রস্থ হওয়া -- খাতুংজাক
মোচড়ানো -- মথর
মুষ্টিবদ্ধ করা -- মচম

মনে রাখা -- মুয়তু নারীগ
মুক্তি পাওয়া -- য়ক
মুক্তি দেওয়া -- ফিয়ক রী
মটকে ভাঙ্গা -- ফাই
মনে নেওয়া -- খাঅ তীই
মনোযোগ দেওয়া -- খা রী
মিষ্টি হাওয়া -- তীই
মাখা (ক্রীম ইত্যাদি) -- ফুল

মানানসই হওয়া -- মীচাং
মুক্ত করা -- ফিয়ক
মাতাল হওয়া -- ফেগজাক
মিলে যাওয়া -- খা পি
মল ত্যাগ করা -- খি
মরে যাওয়া -- থীয়
মেশানো -- সাপুল
মাথায় দেওয়া -- হূঙ

য

যন্ত্রণা করা -- আকার
যাতায়াত করা -- লাইসু

যাওয়া -- থাং
যাত্রা করা -- লাম রী

র

রাগ করা -- জলি
রওনা হওয়া -- লাম রী
রা করা -- পুঙ
রোপন করা -- কাই/বর

রান্না করা -- সং
রেখে যাওয়া -- কালাং
রাজী হওয়া -- গসি
রোদ ওঠা -- সাতুং তুং

ল

লেখা -- সীয়
লাল হওয়া -- চাক
লজ্জা বোধ করা -- লাচি

লাফানো -- বারসা
লাগানো -- থেপা/ ফীনাঙ
লওয়া -- তীই

ক্ষ

ক্ষুদা লাগা -- অক খুই
ক্ষমা করা -- নাকার
ক্ষয় হওয়া -- চাম
ক্ষান্ত হওয়া -- বাথাক

শ

শেষ হওয়া -- পাই
শব্দ করা -- পুঙ
শুকিয়ে যাওয়া -- রান
শীর্ণ হওয়া -- রাম
শুনতে দেওয়া -- খীনা রী
শুদ্ধ হওয়া -- চা
শেখানো -- ফীরীঙ
শীত লাগা -- কীচাং
শেষ করা -- পাই রী
শুয়ে থাকা -- রক'
শুকানো -- ফীরান
শুনতে পাওয়া -- খীনা
শোয়ানো -- মখল
শেখা -- রীং
শোষণ করা -- কুসুপ
শ্বাস গ্রহণ করা -- হামা না

স

স্বপ্ন দেখা -- ইমাং নুক
সরে যাওয়া -- কনর/কুতুল
সম্পাদনা করা-- কমথিঙ
স্বীকার করা -- গসি/ সই
সিদ্ধান্ত করা -- কক চাপ
সাহায্য করা -- চুবা/ চুবাচু রী
স্রোতের প্রতিকূলে যাওয়া -- তকসা
সমর্থ হওয়া -- পাই
সোজা করা -- সিদা খীলায়
সন্দেহ করা -- থারি
সংযমী হওয়া -- কের
স্বর ভঙ্গ হওয়া -- কসর'
সরিয়ে দেওয়া -- কুতুল রী
সহানুভূতিশীল হওয়া -- খা- রিয়ক
সমর্থন করা-- খা ফুর/ চাজাক
স্থির করা -- চাপ
সংস্কার করা -- জাই খীলায়
সংযুক্ত করা -- থেপা/ খব
সোজা হওয়া -- পেঙ
সঙ্কুচিত করা -- খচর
সমবেত হওয়া -- কুথুম
স্নান করা -- তুকু

সাক্ষাত করা -- মালাই
সিদ্ধ করা -- রুগ
স্মরণ করা -- মুয়তু খীলায়
স্বাদ হওয়া -- থক
সংসার ধর্ম গ্রহণ করা -- নক না
স্রোতের অনুকূলে যাওয়া -- তকখীলাই
সাঁতার কাটা -- তীয় রিয়ক
সাদা হওয়া -- ফুর
সমালোচনা করা -- সেলেং
সম্মতি দেওয়া -- গসি না
সংরক্ষিত করা -- খাতি
স্পর্শ করা - তাং

হ

হাঁটা -- হিম
হ্রাস পাওয়া -- কমি
হিংসা করা -- কেনা
হাত তালি দেওয়া -- য়াফা খরপ
হত্যা করা -- বুথার
হোচট খাওয়া -- উসতা খু
হ্রাস করা -- খাইখীলাই
হারিয়ে যাওয়া -- কীমা
হতাশ হওয়া -- খা বায়
হাসা -- মীনীয়

সপ্তম অধ্যায়

অঙ্গ-প্রত্যঙ্গ ও জিনিষ-পত্রের নাম

১. অঙ্গ-প্রত্যঙ্গ - বীসাক (Limbs of Man)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
মানুষ	বরক	মেরুদন্ড	বিসমা
মাথা	বখরক/খরক	পেট	অক/বহক
চোখ	মকল	কোমর	বীচাং
নাক	বুকুঙ	নাভি	অমথাই
নাসাগ্র	কুঙচুক	পা	য়াকুং
কান	খুনজু	হাঁটু	য়াসকু
ভ্রু	মকলবরি	হাড়	বেকেরেঙ
মুখমন্ডল	মীখাঙ	মাংস	বাহান
মুখ	বুখুক/খুক	রক্ত	থাই
কপাল	কীপাল	চুল	খীনাই/বীখীনাই
দাঁত	বুডা	দাঁড়ি	খচাই
গাল	খাংগার	ঘাড়	গীদীনা
চোয়াল	ডাবাক	কাঁধ	বাংগীরা
ঠোঁট	খীকচাই	হাত	য়াক
তালু	ডাবাক সাকা	হাতের তালু	য়াফা
জিহ্বা	বীসীলাই	মগজ	বমতম
আঙ্গুল	য়াসি	হাতের কব্জি	য়াকতীক
নখ	য়াসুকু	শরীর	বীসাক
বুড়ু আঙ্গুল	য়াসিমা	গোঁফ	সেংকারি
বুক	খাকলাব	উরু	য়াফুং
পিঠ	ফিকুঙ	লোম	বিখুমু
মল	খি	হৃদয়	বীখা
গোড়ালি	য়াকীরাই	পাছা	খিছলাং

২. আত্মীয়-স্বজন - জাইতি নাংমা রগ (Relatives)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
মা	মা/ বুমা	বন্ধু	য়ার/কিচিং
বাবা	বাবু/বা/ফা	বান্ধবী	মারে
ভাই	তাখুক	শ্বশুর	কীরা
বোন	বুখুক	শাশুড়ী	কীরাজীক
তার বড়ভাই	বীতা	যুবক	সিকীলা
বড় বোন	বাই	যুবতী	সিকলি
ছোট বোন	হানকজীক	বৃদ্ধ	বুরা
মাতা-পিতা	মা-ফা	বৃদ্ধা	বুরি
বিমাতা	মাতয়	বালক	চেরাই
পুত্র বা ছেলে	সাজীলা	মাসী	তই/মই
কন্যা বা মেয়ে	সাজীক	মেসো মশাই	মুডা
জামাই	চামারি	জামাইবাবু	কুমুই
পুত্র বধূ	হামজীক	বৈবাহিক	চামাই
কাকা	কাকা	বৈবাহিকা	চামাইজীক
কাকী	কাকি/খিরিজীক	পিতামহ/মাতামহ	চু
জ্যেঠামশাই	য়ঙচীলা	পিতামহী/মাতামহা	চুই
জ্যেঠীমা	য়ঙবীরীয়	পিসেমশাই	পিয়া
স্বামী	সায়	পিসিমা	পি
স্ত্রী	হিক	ভাইপো	বায়ুংসা/বুবাইনা
স্বামী-স্ত্রী	হিক-সাই	ভাইঝি	বায়ুংজীক
শালক	বীপীরাঙ	নাতি/নাতনি	সুক
শালিকা	পীরাঙজীক	আত্মীয়	জাইতি
ভগ্নপতী	বুডাইরগ	পূর্বপুরষ	থাগুসঙ

৩. পশু - মালমাতা (Beasts)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
পশু	মালমাতা	খরগোস	কুরকুস
কুকুর	সাঁই	ছাগমাতা	পুনমা
বিড়াল	আমিঙ	সজারু	মীসীনদীর
গরু	মুসুক	কাঠবিড়াল	মানদার
ছাগল	পুন	গন্ডার	গনদার
পাঠা	পুনজুউা	ষাঁড়	দেকা
পাঠী	পুনজীক	ঘোটকী	করাই বীরীয়
হলু বিড়াল	আমিঙ চীলা	জলহস্তী	তীয়-মায়ুঙ
মাদী বিড়াল	আমিঙ বীরীয়	চিতা বাঘ	তিককাপুরা
ঘোড়া	করাই	শূকরী	উাকমা
মহিষ	মিসিপ	বেজী	বেস’
শৃগাল	সিয়াল	বাঘিনী	মীসাজীক
শূকর	উাক	সিংহ	ছিংগ
বাঘ	মীসা	ভল্লুক	গঙ
হরিণ	মীসাই	ভেড়া	মেরা
কুকুরী	সাইমা	নেকড়ে বাঘ	গেগুমা
বানর	মীখীরা	হাতী	মায়ুঙ

৪. পাখী - তকরগ (Birds)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
পাখী	তকসা	ময়না	মইনা
বক	বগা	বুলবুলি	তকবুলু
কাক	তখা	শকুন	ছিকরুক

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
ঘুঘু	তকথু	খানেশ	তায়ুং
চিল	তলিং	গাঙচিল	তীয়বুম তলিং
পায়রা	ফারুক	কোকিল	কুংকিলা
হাঁস	তাখুম	পাখির বাসা	তক বথপ
মোরগ	তক	ডানা	বীকরাঙ
হংসী	তাখুমবীরীয়	চঞ্চু	তক খুকটাই
পেঁচা	তাখুক	ময়ূর	তকরাই/ময়ূর
ডাহুক	দক	শালিক	সারুক
বাদুর	তকবাক	বনমোরগ	তকবলং
বাবুই	চেচঁ	বালিহাঁস	তীয়তাখুম
সারস	সারকসা	কাঠ ঠোকরা	তকথুনতা
টিয়া	আতকা	দাঁড় কাক	তখাবরক
তোতা	তপছি	বাজ পাখী	তলিংসিকারি
চাতক	তয়াথু	ডানা	বীকীরাঙ

৫. মাছ-মাংস - আ তাই মুইহান (Fish & Meat)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
মাছ	আ	কচ্ছপ	কাইসিং
রুইমাছ	রুই আ	পুঁটি মাছ	আ-পুথি
ইলিশ	এলচি	বাইম মাছ	আবাং
চিংড়ি	আথুক	লাটিমাছ	আ লাইতা
শৈলমাছ	আ সীবাং	ট্যাংরা মাছ	গংগিয়া
কাতলা মাছ	আ-কাতলা	দাড়কিনা	দাংখিলা
মাগুর	জাগুর	গুতুম মাছ	আ গুনথু
মকা	মলয়া	বোয়াল মাছ	বুউাল
কাঁকড়া	খাংরাই	মাংস	মুইহান

৬. কীট-পতঙ্গ - য়ংসা কুকসা (Insects)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
কীটপতঙ্গ	য়াংসা-কুকসা	ইঁদুর	ছিনজ'
মশা	থামপুই	পিঁপড়ে	মইসুরুম
মাছি	য়ংখা	ছারপোকা	বুরুউা
মৌমাছি	পিয়া	উকুন	থাঁক
ফড়িং	কুক	জোনাকি	চেংখারী
প্রজাপতি	লারিমা	উইপোকা	উরি
ভ্রমর	বমাঁরাই	গোবর পোকা	খেবুক
শামুক	তত বাক	আরশোলা	কুরমা
কেঁচু	কেনজুউা	গান্ধী পোকা	য়ংচিগাঁদা
জোঁক	সিলুক	ঝিঁঝি-পোকা	খেরামবুক
বড় ফড়িং	কাঁয়ুং	কাঠ-পিঁপড়ে	খাইচিং

৭. সরীসৃপ - মালনাইরগ (Reptiles)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
সরীসৃপ	মালনাই	সাপ	চিবুক
বিছা	য়ংফাক	গোসাপ	মুফুক
টিকটিকি	নক বেরাইসা	তক্ষক	তকে
কাকড়া বিছা	কাংগাঁলা	গিরগিটি	সাঁমলাঁয়
কেন্নো	য়াক কাঁবাক	কুমির	খুরমাঁই/বুরচা
ব্যাঙাচি	এমপুরু	জিংলা সাপ	চিবুক সকরেম
আচিলা	সিমিলিক	পানক সাপ	চিবুক ফেপু

৮. গাছপালা - বুফাঙউফাঙ (Trees & Plants)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
গাছ	বুফাঙ	শিকড়	রাবুং
শাখা	বেদেক	লতা	বুদুক
আম গাছ	থাইচুক ফাঙ	পাতা	বাঁলাই
জাম গাছ	জামবুক ফাঙ	বাঁশ	উা
বট গাছ	বুরিফাঙ	পাট	পাত
কাঠাল গাছ	থাইপুঙ ফাঙ	ইক্ষু	কুরুক
শিমুল গাছ	বরচুক ফাঙ	মুলিবাঁশ	উাথাঁই
উদাল	লামবাক	মৃত্তিঙ্গা বাঁশ	উানদাল
আওয়ালগাছ	সিলাইফাঙ	রুপইবাঁশ	উামিলিক
গাছের আঁশ	বাঁসনাল	বরাক বাঁশ	উাসুর
বীজ	বাঁচালাঁই	বাকল	বুকুর
লজ্জাবতী	সামসুনদুরু	আঙ্গুর গাছ	আঙ্গুর বুদুক
অঙ্কুর	বুমুক	ধানের শীষ	মায়তাং

জ্ঞাতব্য ঃ গাছটি যদি লতা জাতীয় হয় তবে ঐ ফল বা ফুলের নামের পরে 'বুদুক' শব্দটি বসালে ঐ জাতীয় গাছকে বুঝাবে।

৯. ফলফলাদি - বাঁথাইরগ (Fruits)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
ফল	বাঁথাই	তরমুজ	মমফল
আম	থাইচুক	নারিকেল	নারিকাঁরা
জাম	জামবুক	লেবু	জামি/জামবিদা
কাঁঠাল	থাইপুঙ	পেয়ারা	গয়াম
লিচু	লেউাচি/লেচু	মাখাল ফল	তখা থাইচুমু
শশা	দরমপাই	আনারস	আনদ্রস'
কলা	থাইলিক	কুল	বরই

তেঁতুল	থেনতীরাই	চলিতা	থাইপল'
পেঁপে	কুউাইফল	আমরা ফল	থাইতীয়
আমলকি	আমলাই	লটকন ফল	কুসুমাই
চামলফল	জীরাম	হরবরি	লেউর

১০. ফুলের নাম - খুমনি বুমুঙ (Flowers)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
ফুল	খুম/বুবার	দোলন ছাঁপা	খুমপুই
জবা	উরি	ভুইচাঁপা	খুমতয়া
চাঁপা	সামপারি	ফুলের পাপড়ি	খুম বপলম
গাঁদা	ছতর'বঙগ	লাল গাঁদা	খুম উাকথুই
পদ্মফুল	পদদ'বুবার	গন্ধরাজ	গনদরা
বৃন্ত	বুবাক	রাস্না	খেবরেংবার
কাঠ-গোলাপ	গুলাচি	মাধবীলতা	মাজ্লিতা
মুকুল	বীখরাই	শেফালী	হেংরা
জুঁই ফুল	খুমরুংখু	সন্ধ্যামালতী	খুমসারিক
বেলি ফুল	খুমমালি	শিমূল ফুল	বরচুক বুবার
কুমুদ, শালুক ফুল	খুমতীয়সা	নীলকণ্ঠ	খুম সিনদার

১১. শাকসব্জী - মুইকীথীং-থাইকীথীং (Vegetables)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
শাক-সব্জী	দালকপাচ'	সীম	কসই
আলু	থা/আলু	বরবটি	সবাই/লুবিয়া
বেগুন	ফানতক	টক বেগুন	ফানতক মীখীই
মাশরুম	মুইখুমু	লাউ	মিলক
পুইশাক	মুপরাই	মিষ্টি কোমড়	চাকুমরা
মুখী	থাবাদিয়া	চালকোমড়	খাকলু

করলা	গাংগীলা	থানকুনি পাতা	সামসতা
ঢেড়স	বেলেস'	ভুট্টা	মগীদাম
ঝিংগা	জিংগা	তিল	সিপিং

১২. মসল্লা - মুইথক (Spices)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
মসল্লা	মুইথক	রসুন	রাইসীন
হলুদ	সরতীয়	মরিচ	মস'
লবন	সম	তৈল	থক
আদা	হাইচিং	তেজপাতা	তেসপাতা
পিয়াজ	পিয়াজ'	কাচালঙ্কা	মস'কীথাঙ

১৩. খাদ্য দ্রব্য - চাথাই (Food)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
খাদ্য	চাথাই	শিদল	বেরমা
ভাত	মায়	শুকনো মাছ	আ-কীরান
তরকারি	মুই	মাংস	মুইহান
ভাতের মার	মায়তীয়	পাঁঠার মাংস	পুহান
ঝোল	বীতীয়	চিড়া	রমফে
চাউল	মায়রুম	মুড়ি	উরুম
ধানের কুড়া	কীসাপ	গুড়	কীতীই
ধানের চোঁচা	মায় বুকুর	মধু	পিয়া বীতীয়
সুরা বা মদ	চুউারাক	ভর্তা	মসদেং
মিষ্টি	কীতীই	চাউলের ক্ষুদ	রুংখু
পিঠা	আউান	শূকরের মাংস	উাহান
ক্ষারপানি	চাখীয়	হরিণের মাংস	মীসীই বাহান

১৪. বাদ্যযন্ত্র - তামজাগনাই (Mugical Instruments)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
জয়ঢাক	খাম কতর	ঢাক	খাম
বাঁশী	সুমুই	তবল	তবলা
মৃদঙ্গ	মেরতুং	সারেঙ্গী	সারিনদ
সেতার	ছেতার	হারমোনিয়াম	হারমনি

১৫.গৃহসামগ্রী - নগনি মানাই খানাই (Household Asticles

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
গৃহ	নক	ঘরের তীর	ফাকলাই
দরজা	দগা/দগলাম	টংঘর	গাইরিং
জানালা	তাইলাম	পাখা	কিসিপ
বারান্দা	নুকা	জিনিস	মানাই
ঘরের ছাদ	নুখুং	কাস্তে	চেখরা
কলসী	গলা	হাতুরী	হাতুরা
থালা	মাইরাং	কোদাল	গাঁদাল
ঘটি	লুতা	কুঠার	রুউা
খাড়া	লাংগা	চিরুনী	বেথরা
হাড়ী	তৗক	প্রদীপ	চাতি
পার্টিশান	বেংকি	রান্না ঘর	গানতি নক
বোতল	বতল	দোলনা	উায়িং
কড়াই	কারাই	হুকু	দাবা
দেশলাই	হরখক	ফাঁদ	উারায়/খাই
লাকড়ী	বল	ডালা	বাইলিঙ
ধনুক	বাদুখুং	হল ঘর	মালাইমা নক

১৬. বস্ত্র ও অলংকারাদি - রিচুম তাই গয়নারগ (Cloths & Jewellers)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
কাপড়	রি	অলঙ্কার	গয়না
কাপড় চোপড়	রিচুম	চুরি	মাথিয়া
শাড়ী	রিগনাই	আংটি	য়াসিথাম
জামা	কামচৗলৗয়	স্বর্ণ	রাংচাক
গামচা	রিতুকু	তোষক	তুসুক
বিছানা	রিয়ন	বালিশ	কবং
শয্যা	থুয়ান	বালিশের খোল	কবং উা
লেপ	রৗজাই	বালিশের উযার	কবংগিলাপ
পাছড়া	রিগনাই বরক	মশারী	গীনদা
কাঁথা	খেনতা	চাদর	দুলাই

১৭. চন্দ্র-সূর্য ইত্যাদি - সাল-তাল আকসা (Sun, Moon etc)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
সূর্য	সাল	কুয়াশা	সিয়ারি
চন্দ্র	তাল	তারা	আথুকিরি
বিশ্ব	হায়ুঙ	শুকতারা	আইতরমা
ভূগোল	হাতিং	আকাশ	নখা
বৃষ্টি	উাতৗয়	অমাবস্যা	তালথৗয়
পূর্ণিমা	তালপুনা	মেঘ গর্জন	নখা-গুরুমমা
ভূমিকম্প	বাংগীলা	বাতাস	নবার/বয়ার
মেঘ	চুমুই	শিলা	হলং
বিদ্যুৎ-ঝলক	নখা ফিলিক	পরিবেশ	তগুখর
শিশির	পামতৗয়	চন্দ্রগ্রহণ	তালমনক
বজ্রধ্বনি	ফেরাং কগমা	সূর্য গ্রহণ	সালমনক

১৮. পাহাড়-পর্বত -হাচীক হাতাই (Hills, Ranges etc.)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
পাহাড়	হাচীক	মাটি	হা
পর্বত	হাতাইকতর	ছোট নদী	তীয়সা
নদী	তীয়মা	জল প্রপাত	দঙগর
নদীতীর	তীয় বুকুং	গুহা	হাবুগুরুঙ
হ্রদ	তীয়খর	সমতল টিলা	হারেপ
শুষ্কপ্রায় ছড়া	তীয়খেরেং	টিলা	হাপুঙ
সমতল ভূমি	হামিলিক	গর্ত	হাকর
সমুদ্র	তীয়বুং	ছোট টিলা	হাতাই
জলের ফুট	তীয়মুক	ঘন বন	বলং কুবুং
নদীর উৎস	তীয়খরক	জলস্ফীতি	তীয় দু
জলের পাক	তীয় অমতাই	উপত্যকা	হারুং কতর

১৯. রোগ - বেমার (Diseases)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
রোগ	বেমার	সর্দি	কংরাই
জ্বর	কুলুম	কাশি	কুচুগমা
আমাশয়	খেনচ'	অসুস্থ	সাক হামুয়া
ব্যথা	কিয়র/রুউাই	দুর্বলতা	সাক হই হই
বমি	কীবাতীয়	ফোঁড়া	কুলা, কেতলা
দাঁদ	খাইচুউাক	টনসিল	সাইবম
তিল	সবাই ককসা	খোসকি	খাপুই
চুলকানি	মতক	সর্দি-কাশি কংরাই	হুলক
ফুলে উঠা	রবম	পাঁচড়া	বিসি মতক
ক্ষত	কীসা	পেট কামরানি	বহক কিয়র
কুষ্ঠ	বিয়াদি	পুঁজ	কীপতীয়

মল	খি	মোচর	মথরজাক
ঔষধ	বিথি	ফুসকুড়ি	থুপু
ফুটি	বথরাই	অম্লউদগার	কাখীয় দেপারে
ধবলা শ্বেতী	মিসিকা	উলাউটা	মরকি
বসন্ত	জীংগীলা	মাথা ঘোরা	বথরক মিহিন

২০. বর্ণ - বুমুল (Colour)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
বর্ণ	বুমুল/রং	ইষৎ লাল বর্ণ	চাক র-র
লাল	কীচাক	ইষৎ হলুদ	করম'লুলুক
সাদা	কুফুর	ছাইবর্ণ	থাপলা হাই
কালো	কসম'	সবুজ	কীখরাং
চিকচিকে কালো	সমসাসা	আকাশী	সমচুমুই
সিদুর বর্ণ	চাকতুবু	ধবধবে সাদা	ফুদুদু
রক্তাভ	চাকলুলু	নীল	খীরাংজিজি
বেগুনী	মেকা ফানতক	খয়েরী	মেকাকর

২১. সময় ও বৎসর - জরা তাই বিসি (Time & Years)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
দিন	সাল	দুপুর	দিবর
সারাদিন	সাপুঙ	ভোর বেলা	আইচুক
দিন-রাত	হপুঙ-সাপুঙ	উষাকাল	আইস্রিস্রি
আজ	তিনি	মাস	তাল
গতকাল	মিয়া	বছর	বিসি
আগামী-কাল	খীনা	আগামী বছর	খালি
আগামী পরশু	সনি	গত বৎসর	সেমা
গভীর রাত্র	হর কুথুক	কখন	বুফুরু
সারা রাত	হপুঙ	কিছুক্ষণ	সীরাপসা

এখন	তাবুক	কিছুক্ষণ পূর্বে	তাইসিংগ
তখন	আফুরু	সর্বদা	জওফুং
আগে	আগি	সপ্তাহ	হাপতাসা
পরে	উল'	হঠাৎ	আতুমসা
গত পরশু	উসীকাং	মধ্যরাত্রি	হরদিবর
সকাল	ফুঙ/ফুউই	সময়ে সময়ে	জরা জরাও
বিকাল	সারিক	মাঝে মধ্যে	উইসা-উইস
রাত্র	হর	বর্তমান বছর	তাকলাই
সন্ধ্যা	সানজা	পক্ষকাল	তালখাকসা

২২. গুণাবলী - কাহামহামৃয়া (Adjectives)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
ভাল	কাহাম	বয়সে বড়	অকরা
খারাপ	হাময়া	কোমল	কীসাপ
আকারে বড়	কতর	দীর্ঘ	কলক
খাঁটো	বারা	দুর্বল	কেবেল
গোলাকার	কিতিং	তরল	বীতীয়
চেপ্টা	কেফের	কঠিন	কীরাক
সুখ	তঙথগ	তাড়াতাড়ি	দাকতি দদর'
দুঃখ	দুখু	দ্রুত	দাকতি
উচু	কুচুক	ঠান্ডা	কীচাং
নীচু	হাচে	গরম	কুতুং
নীচে	তলা	সবল	ফানগীনাঙ
ঘন	কুবুং	পবিত্র	কীথার
নতুন	কীতাল	মচমচে ভঙ্গুর	সেরেম
পুরাতন	কীচাম	অলস	সেলের
শক্ত	কীরাক	ইসৎ গরম	তুংলুলু
উজ্জ্বল	কীচাং	আঠালো	সিনিল

মোটা	কুফুং	চওড়া	কুডার
পাতলা	হেলেং	শুকনো	কীরান
ভাড়ী	হিলিক	আর্দ্র	সিবুক
পুরু	রীজা	ভিজা	কিসি
আনন্দ	তঙথক	খসখসে	পাথরা
ধনী	গীনাঙ	ছোট	চিকন
গরীব	কীরাই বরক	ছোট্ট	চিকনাতে
দুস্থ	কীরাইজা	মসৃন	মিলিক
ফকির	বিগরা	মিশ্রণ	সাপুলজাক
সস্তা	কীলায়	বিবিধ	দালবিদাল
দামী	মরক	ইষৎ লাল	চাকর'র
অনেক	কীবাং	নীরেট	নিপলা
সামান্য	কিসাতে	খসখসে	পাথরা

২৩. পেশা - সামুঙ খীলায়মা (Occupation)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
লেখক	সীয়নাই	প্রাপক	য়াচাগনাই
প্রকাশক	কারিনাই	প্রতিনিধি	আদঙ
চিকিৎসক	সাক নায়নাই	খাজাঞ্চী	রাঙফাঙ
গায়ক	রীচাবনাই	গাড়ি চালক	গাড়ি চালগনাই
ধোপা	রি সুনাই	দারোয়ান	দগা মীরীগনাই
চাষী	খেতি খীলায়নাই	জেলে	আ-রমনাই
নাপিত	খীনাই রানাই	মাঝি	রুং চগনাই
পাচক	মায় সঙনাই	শিক্ষক	ফীরীঙনাই
পুস্তক বিক্রেতা	পুথি ফালনাই	ব্যবসায়ী	বেপারি
পুরোহিত	অচাই	বাহক	তীইনাই
গোয়ালা	দুদ ফালনাই	সভাপতি	আচুকফাঙ
কর্তৃপক্ষ	তাঙসঙ	সম্পাদক	কমথিঙনাই
প্রেরক	রীহরনাই	মৎস্য চাষী	আ এর রীনাই

২৪. দিকসমূহ - ফাইথিং (Direction)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
পূর্ব	[illegible]	ঊর্ধ্ব	[illegible]
পশ্চিম	[illegible]	নিম্ন	[illegible]
দক্ষিণ	[illegible]	সামনের দিক	[illegible]
[illegible]	[illegible]	পিছনের দিক	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]	[illegible]

২৫. সাত বারের নাম - সালস্নিনি বুমুং (Week)

বাংলা	ককবরক	ককবরক (মতান্তরে)
রবিবার	[illegible]	[illegible]
সোমবার	[illegible]	[illegible]
মঙ্গলবার	[illegible]	[illegible]
বুধবার	[illegible]	[illegible]
বৃহস্পতিবার	[illegible]	[illegible]
শুক্রবার	[illegible]	[illegible]
শনিবার	[illegible]	[illegible]
		[illegible]

২৬. ঋতু - মল (Seasons)

বাংলা	ককবরক
গ্রীষ্মকাল	[illegible]
বর্ষাকাল	[illegible]
শরৎকাল	[illegible]
হেমন্তকাল	[illegible]
শীতকাল	মাইসিং জরা
বসন্তকাল	সাচালাং জরা

২৭. মাস - তাল (Month)

বাংলা	ককবরক	বাংলা	ককবরক
বৈশাখ	তালতুং	কার্ত্তিক	তালউাং
জৈষ্ঠ্য	তালথাই	অগ্রহায়ণ	তালবুং
আষাঢ়	তালতীয়	পৌষ	তালচাং
শ্রাবণ	তালতুক	মাঘ	তালহিং
ভাদ্র	তালবাং	ফাল্গুন	তালসীলাং
আশ্বিন	তালমাই	চৈত্র	তালকীরান

অষ্টম অধ্যায়

ক্রিয়ার কাল (Tense of the verb)

বর্তমান কাল (Present Tense)

হ্যাঁ সূচক বাক্য (Affirmative Sentence)

১) আমি বই পড়ি — আঙ বিজাপ পরিঅ (সাধারণ)।
২) আমি বই পড়ছি — আঙ বিজাপ পরিতঙগ (ঘটমান)।
৩) আমি বই পড়েছি — আঙ বিজাপ পরিবাইখা (পুরাঘটিত)।
৪) তুমি সেখানে থেকো — নীঙ আর' তঙদি (অনুজ্ঞা)।

না সূচক (Negative Sentence)

১) আমি বই পড়ি না — আঙ বিজাপ পরিয়া (সাধারণ)।
২) আমি বই পড়ছি না — আঙ বিজাপ পরিতঙয়া (ঘটমান)।
৩) আমি বই পড়িনি — আঙ বিজাপ পরিয়াখী (পুরাঘটিত)।
৪) তুমি সেখানে থেকো না — নীঙ আর' তা তঙদি (অনুজ্ঞা)।

জ্ঞাতব্য ঃ

১) সাধারণ বর্তমান কালে মূল ক্রিয়ার সঙ্গে হ্যাঁ সূচক বাক্যে **'অ'** এবং না সূচক বাক্যে **'য়া'** যুক্ত হয়।
২) ঘটমান বর্তমান কালে মূল ক্রিয়ার সঙ্গে **'উই/আই/ই'** ও পরে হ্যাঁ সূচক বাক্যে **'তঙগ'** এবং না সূচক বাক্যে **'তঙয়া'** যুক্ত হয়।
৩) পুরাঘটিত বর্তমান কালে মূল ক্রিয়ার সঙ্গে হ্যাঁ সূচক বাক্যে **'খা'** এবং না সূচক বাক্যে মূল ক্রিয়ার সঙ্গে **'য়াখী/য়াখু'** যুক্ত হয়।
৪) অনুজ্ঞায় বর্তমান কালে মূল ক্রিয়ার সঙ্গে হ্যাঁ সূচক বাক্যে **'দি'** প্রত্যয় যুক্ত হয় এবং না সূচক বাক্যে ক্রিয়াপদের আগে অতিরিক্ত একটি **'তা'** যুক্ত হয়।

অনুশীলনী

১। ককবরকে অনুবাদ করুন ঃ

ক) আমরা পড়ি। খ) আমরা ভারতবর্ষে বাস করি। গ) সে স্কুলে যায়। ঘ) আমি বইটি পড়েছি। ঙ) সে এখানে এসেছে। চ) রাম পাশ করেছে। ছ) আমি ভাত খেয়েছি। জ) সদা সত্য কথা বলবে। ঝ) একটু বসো। ঞ) বিকাশ বল খেলেনি। ট) আমি বই পড়ছি না। ঠ) তোমরা সেখানে থেকো না।

২। বাংলায় অনুবাদ করুন ঃ

ক) উাতায় মল' উাতায় উাঅ। খ) পুব গীলাতাই সাল কাসাঅ। গ) আঙ বিজাপ পরিঅ। ঘ) চেরাইরগ থুংলাইঅ। ঙ) রমেশ সীয়'। চ) আঙ তাবুকসে ফায়খা। ছ) সীরাপসা আচুকদি। জ) অর' তা আচুকদি। ঝ) মিতা বিজাপ পরি তঙয়া। ঞ) নরগ মায় চায়াখু।

অনুবাদ সহায়ক শব্দাবলী ঃ

ক)

বাস করা (ক্রি) — তঙ
পাশ করা (ক্রি) — পাস খীলায়
সত্য কথা — কক কুবুই
মঙ্গল করা (ক্রি) — হামারি খীলায়
স্কুল — রীঙনক
সদা — জততফুরু
ভগবান — বগীবান/মীতাই
মঙ্গল — হামারি/কাহাম

খ)

উাতায় মল — বর্ষাকাল
কাসা — উঠা (ক্রি)
পুব গীলাতাই — পূর্বদিকে
সীরাপসা — কিছুক্ষণ

অতীত কাল (Past Tense)

হ্যাঁ সূচক বাক্য (Affirmative Sentence)

১) সামপারি বই পড়ল — সামপারি বিজাপ পরিখা (সাধারণ)।
২) বিশুরায় বই পড়ছিল — বিসুরায় বিজাপ পরিতঙমানি (ঘটমান)।
৩) করমতি বই পড়েছিল — করমতি বিজাপ পরিমানি (পুরাঘটিত)।
৪) দুকমানি তখন বিদ্যালয়ে যেত — দুকমালি আফুবু রীঙনগ' থাংগ (নিত্য বৃত্ত)।

না সূচক বাক্য (Negative Sentence)

১) সামপারি বই পড়ল না — সামপারি বিজাপ পরিয়াখু (সাধারণ)।
২) বিশুরায় তখন বই পড়ছিল না — বিসুরায় আফুরু বিজাপ পরিতঙয়া (ঘটমান)।'
৩) করমতি বই পড়েনি — করমতি বিজাপ পরিলিয়া (পুরাঘটিত)।
৪) দুকমালি তখন বিদ্যালয়ে যেত না — দুকমালি আফুরু রীঙনগ' থাংয়া (নিত্যবৃত্ত)।

জ্ঞাতব্য ঃ

১) সাধারণ অতীত কালে হ্যাঁ সূচক বাক্যে মূল ক্রিয়ার সঙ্গে **'খা'** এবং না সূচক বাক্যে মূল ক্রিয়ার সঙ্গে **'য়াখু/য়াখী'** যুক্ত হয়।

২) ঘটমান অতীত কালে মূল ক্রিয়ার সঙ্গে **'ই/আই/উই ও পরে হ্যাঁ সূচক বাক্যে 'তঙমানি'** এবং না সূচক বাক্যে **'তঙয়া'** যুক্ত হয়।

৩) পুরাঘটিত অতীত কালে মূল ক্রিয়ার সঙ্গে হ্যাঁ সূচক বাক্যে **'মানি'** ও না সূচক বাক্যে **'লিয়া'** যুক্ত হয়।

৪) নিত্য বৃত্ত অতীত কালে মূল ক্রিয়ার সঙ্গে হ্যাঁ সূচক বাক্যে **'অ'** এবং না সূচক বাক্যে **'য়া'** যুক্ত হয়। তবে এক্ষেত্রে অতীত সূচক শব্দের ব্যবহার লক্ষণীয়।

অনুশীলনী

১। ককবরকে অনুবাদ করুন ঃ

ক) রাম স্কুলে গেল। খ) তিনি সংসার ত্যাগ করলেন। গ) আমি কাজটি করলাম। ঘ) গীতা গান গাইছিল। ঙ) তিনি বক্তৃতা করছিলেন। চ) ভগবান আমাকে অনেক সুখ দিয়েছিলেন। ছ) রমেশ এ কাজটি করছিল। জ) তিনি প্রতিদিন সকালে বেড়াতে যেতেন। ঝ) আমি রোজ দুধ পান করতাম। ঞ) তিনি মাঝে মাঝে আমাদের বাড়ি আসতেন। ট) মণীষ তখন এখানে আসত না। ঠ) কসমরায় বল খেলছিল না। ড) বলংতি গতকাল আসে নি।

২) বাংলায় অনুবাদ করুন ঃ

ক) আঙ বন'হাতিঅ নুগখা। খ) ব রীঙনগ' থাংকা। গ) আঙ নগ' কিফিলখা। ঘ) বরগ থুংলাই তঙমানি। ঙ) আঙ পরি তঙমানি। চ) নীঙ রীচাবীই তঙমানি। ছ) ব উইসা চিনি অর' ফায়মানি। জ) আঙ পরীক্ষা রীমানি। ঝ) আঙ আফুবু বিনি নগ' উরাম উরাম থাংগ। ঞ) ব ইসকুল' পরিতঙফুরু চিনি নগ' ফায়ী। ট) রীঙমারি মিয়া ইসকুল' থাংলিয়া। ঠ) খেলাংতি আফুবু চিনি অর' ফায়া। ড) সরতি ফুঙগ মায় চাই তঙমানি। ঢ) জুলেখা আফুরু কুসতাম খায়য়া।

অনুবাদ সহায়ক শব্দাবলী ঃ

সংসার — নুখুঙ
বক্তৃতা করা — কক নারীগ
প্রতিদিন — সালবুবুম বুবুম
পান করা — নীং
একবার — উইসা

ত্যাগ করা — য়াকার
সুখ — তঙথকমা
বেড়াতে যাওয়া — বেরাইনা থাং
মাঝে মাঝে — উরাম উরাম
বাজারে — হাতিঅ

ভবিষ্যৎ কাল (Future Tense)

হ্যাঁ সূচক বাক্য (Affirmative Sentence)

১) আমি কলকাতা যাব —আঙ কলকাতা থাংনাই (সাধারণ)।
২) আমি কলকাতা যেতে থাকব — আঙ কলকাতা থাং তঙনাই (ঘটমান)।
৩) এ কথাটি তিনি বলে থাকবেন — ম কক ব সাখীনা (পুরাঘটিত)।
৪) সদা সত্য কথা বলবে — জতফুরু কক কুবুই সাদি (অনুজ্ঞা)।

না সূচক বাক্য (Negative Sentence)

১) আমি কলকাতা যাব না — আঙ কলকাতা থাংগ্লাক (সাধারণ)।
২) আমি কল কলকাতা যেতে থাকব না — আঙ কলকাতা থাং তঙগ্লাক (ঘটমান)।
৩) তিনি হয়ত এতক্ষণ বসে থাকবেন না — ব আসীকজরা আচুগীই তঙগ্লাকখা (পুরাঘটিত)।
৪) কখনও মিথ্যা বলবে না — কুনুফুরু তাতাল তা সাদি (অনুজ্ঞা)

জ্ঞাতব্য ঃ

১) সাধারণ ভবিষ্যৎ কালে মূল ক্রিয়ার সঙ্গে হ্যাঁ সূচক বাক্যে **'নাই/আনী/উনী'** এবং না সূচক বাক্যে **'গ্লাক/গীলাক'** যুক্ত হয়।
২) ঘটমান ভবিষ্যৎ কালে মূল ক্রিয়ার সঙ্গে **'ই/আই/উই** ও পরে হ্যাঁ সূচক বাক্যে **'তঙনাই/তঙগানী'** এবং না সূচক বাক্যে তঙগ্লাক যুক্ত হয়।
৩) পুরাঘটিত ভবিষ্যৎকালে মূলক্রিয়ার সঙ্গে হ্যাঁ সূচক বাক্যে **'খীনা** এবং না সূচক বাক্যে **'গ্লাকখা/গীলাকখা'** যুক্ত হয়।
৪) ভবিষ্যৎ অনুজ্ঞায় মূল ক্রিয়ার সঙ্গে হ্যাঁ সূচক বাক্যে **'দি'** ও না সূচক বাক্যে ক্রিয়াপদের আগে অতিরিক্ত একটি **'তা'** যুক্ত হয়।

অনুশীলনী

১। **ককবরকে অনুবাদ করুন ঃ**

